## The Bangladesh Monitor - A Premier Travel Publication



## রানওয়েতে শিয়াল, চট্টগ্রামে আকাশপথ বন্ধ ছিলো ২৬ মিনিট

## A Monitor Desk Report



চট্টগ্রামঃ চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের রানওয়েতে শিয়াল চলে আসার কারণে বুধবার (১৯ নভেম্বর) সকালে প্রায় ২৬ মিনিট ধরে আটকে ছিল ঢাকাগামী ইউএস-বাংলা এয়ারলাইনসের একটি ফ্লাইট।

বিষয়টি নিশ্চিত করে বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মো. ইব্রাহিম খলিল জানান, ইউএস-১০৬ ফ্লাইটটি বেলা ১১টা ৪০ মিনিটে উড্ডয়নের জন্য প্রস্তুত ছিল। ঠিক তখনই রানওয়েতে একটি শিয়াল চলে আসে। পরিদর্শনকারী টিম দুত গাড়ি নিয়ে এসে শেয়ালটিকে তাড়া করে রানওয়ে খালি করে। পরে ফ্লাইটটি ১২টা ৬ মিনিটে উড্ডয়ন করে।

ইব্রাহিম খলিল আরও বলেন, প্রতিটি ফ্লাইট উড্ডয়ন ও অবতরণের আগে আমরা রানওয়ে পরীক্ষা করি। রানওয়ের পাশে ঘন জঞ্চাল ও ঝোপ থাকায় মাঝে মাঝে শিয়াল, সাপ বা কুকুর এসে পড়ে।